

১। পরীক্ষার আবেদনপত্র:

- ক) আগ্রহী প্রার্থীগণকে <https://www.iiuc.ac.bd> ওয়েবসাইটের home page এ Apply Online-এ click করে অথবা সরাসরি <https://www.iiuc.ac.bd/home/apply-onlinelink> এ প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।
- খ) প্রকাশিত বিজ্ঞপ্তি <https://www.iiuc.ac.bd/program/advertisements> link এ পাওয়া যাবে।

২। আবেদনের ন্যূনতম যোগ্যতা:

- ক) এস. এস.সি, এইচ.এস.সি ও স্নাতক পরীক্ষার প্রতিটিতে জিপিএ ২.৫০ করে মোট জিপিএ ৭.৫০; অথবা
- খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষার কোন একটিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে উভয় পরীক্ষায় মোট জিপিএ ৬.০০ থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২.০০ অথবা তৃতীয় বিভাগ, অথবা
- গ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে ন্যূনতম জিপিএ ২.০০ অথবা তৃতীয় বিভাগ।

৩। অনলাইন আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী:

- ক) আবেদনপত্রে (*) চিহ্নযুক্ত তথ্যাবলী আবশ্যিক। যথাযথভাবে আবেদনপত্রটি পূরণ করুন।
- খ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু ভর্তি পরীক্ষাসহ পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হবেন।
- গ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ × প্রস্থ ২৫০) pixel ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ২৫০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করতে হবে।
- ঘ) Online-এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি ও স্বাক্ষরসহ Application Preview দেখা যাবে। কোন ভুল থাকলে Edit এ click করে ভুল সংশোধন করুন। অতপর পুনরায় Submit করুন।
- ঙ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের Declaration অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যদি আবেদনকারী ভর্তির জন্য গ্রহণযোগ্য হয় তাহলে বিশ্ববিদ্যালয়ের সকল নিয়ম ও প্রবিধান মেনে চলার এবং যথাসময়ে সকল ফি এবং চার্জ প্রদান করার অঙ্গীকার হিসেবে **Declaration** অংশে চেক বক্সে রাইট চিহ্ন দিতে হবে।

৪। পরীক্ষার ফিস প্রদান:

নিম্নে বর্ণিত দুইটি বিকল্পের মধ্য থেকে যেকোন একটি পদ্ধতি অনুসরণ করে আবেদন ফিস প্রদান করুন।

১. **bKash:** যেকোন মোবাইল নম্বর থেকে বিকাশের মাধ্যমে ০১৯৭৩২০৯০৩০ (Merchant No.) নম্বরে ৫২০ টাকা পে করুন এবং Transaction নম্বরটি সংরক্ষণ করুন। এজন্য প্রথমে *247# ডায়াল করুন অতপর ৩ ইনপুট করুন, অতপর ০১৯৭৩২০৯০৩০ নম্বরটি ইনপুট করুন, অতপর টাকার পরিমাণ ৫২০ ইনপুট করুন, অতপর কাউন্টার নম্বরে

১ ইনপুট করুন। রেফারেন্স নম্বরে আপনার সংক্ষিপ্ত নামটি লিখে দিন। Finally আপনার Pin Number দিন। অতপর আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method –এ bKash সিলেক্ট করে Transaction Details -এ bKash থেকে এসএমএসের মাধ্যমে পাওয়া Transaction নম্বরটি লিখে Submit করুন। নিচের স্ক্রিনশটটি অনুসরণ করতে হবে।

Payment of Application Fee

Application Fee	Payment Method	Transaction Details
520	bKash	XGHD12HGGR5

২. **ACFD, IIUC:** সরাসরি কুমিরা ক্যাম্পাসে এসে IIUC এর Accounts & Finance Division এ নগদ ৫০০ টাকা জমা দিয়ে আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method -এ Cash সিলেক্ট করে Transaction Details-এ Money Receipt No. এবং Date লিখে Submit করুন। টাকা জমা দেওয়ার রশিদটি Academic Affairs Division এ প্রদর্শন করুন। নিচের স্ক্রিনশটটি অনুসরণ করতে হবে।

Payment of Application Fee

Application Fee	Payment Method	Transaction Details
500	Cash	MR No.: XXXXXXXX, Date: 00.00.0000

৫। প্রবেশপত্র ও আবেদনপত্র:

Submit করা সফলভাবে সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইল নম্বরে IIUC অথবা ০১৮৪৭১২১২৪২ নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে একটি Password যাবে, এটি সংরক্ষণ করুন। আবেদনকারীর মোবাইল নম্বর এবং Password ব্যবহার করে home page এ গিয়ে Admit Card ও Admission Form প্রিন্ট করুন এবং সংরক্ষণ করুন। আবেদনকারী IIUC থেকে BBA করা হলে শুধুমাত্র Admission Form প্রিন্ট করুন।

৬। পরীক্ষার দিন করণীয়:

পরীক্ষার দিন প্রিন্ট করা Admit Card এবং আবেদনকারীর সকল মার্কশিট/ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি প্রিন্ট করা Admission Form এর সাথে সংযুক্ত করে নিয়ে আসুন এবং ভাইবা বোর্ডে প্রদর্শন করুন।

বিঃ দ্রঃ পরীক্ষার দিন সকালে চট্টগ্রাম শহরের বিভিন্ন পয়েন্ট থেকে পরীক্ষার্থীদের যাতায়াতের জন্য গাড়ীর ব্যবস্থা থাকে। পরীক্ষার আগের দিন আবেদনকারীর মোবাইল নম্বরে এসএমএম এর মাধ্যমে তা জানিয়ে দেওয়া হবে।